

ছেড়ে দিল ব্রাহ্মণেরে উঠিয়া দাঁড়ায়।  
 করজোড়ে দাঁড়াইল অশ্রুধারা বয়।।  
 ব্রাহ্মণের বক্ষঃস্থল প্লাবিত হইল।  
 ‘যাও’ বলি হীরামন তারে ছেড়ে দিল।।  
 লোটাইয়ে পড়ে গিয়া প্রভুর চরণে।  
 মহাপ্রভু বলে ‘তোর কি ভাব এখনে।।  
 ব্রাহ্মণ বলেন ‘মোর আর ব্যাধি নাহি।  
 আঞ্জা কর নিরস্তুর তব গুণ গাহি।।’  
 মহাপ্রভু বলে ‘তোর যা ইচ্ছা করিস্।  
 মম ভক্ত প্রতি সদা ভকতি রাখিস্।।  
 থাকিলে ব্রহ্মগায়ত্রী ব্রাহ্মণ শরীরে।  
 তবে কি ব্রাহ্মণ অঙ্গে ব্যাধি হতে পারে?  
 সে সকল মন্ত্র দিয়া আর কি করিবে?  
 মানুষ বলিয়া আর্তি সতত রাখিবে।।  
 আজ তোর হ’ল বাছা ব্যাধি সব নাশ।  
 যাজনিক দ্বিজ বলে না হয় বিশ্বাস।।  
 মানুষ বলিয়া আর্তি সদা যেন রয়।  
 যজমান হিংসা যেন তো’ হ’তে না হয়।।  
 ব্রাহ্মণ কহিছে ‘আমি এই ভিক্ষা চাই।  
 তব পদে থাকে মন কর প্রভু তাই।।’  
 তাহা শুনি ব্রাহ্মণেরে করিল বিদায়।  
 বিদায় হইয়া দ্বিজ যায় নিজালয়।।  
 ব্রাহ্মণ আরোগ্য হল শরীর পুলক।  
 শ্রীশ্রীহরিলীলামৃত রচিল তারক।।



## ভক্তের চরিত্র সংশোধন ও বিধবা রমণীর শ্বেত কুষ্ঠ মুক্ত

মহাপ্রভু স্বরূপে বলে ‘বাছাধন।  
 আমি এবে করি সবে স্বস্থানে গমন।।  
 তোর বাটী আসিলাম বাঞ্ছাপূর্ণ হ’ল।  
 শ্বেতারোগা রমণী দেখিতে বাকী র’ল।।

তোর ঘরে অন্তর্ভুক্তা রহে বহুদিন।  
 দেখিব সে নবীনা কি হ’য়েছে প্রবীণ।।’  
 স্বরূপ বলিল ‘প্রভু আসিলেন যবে।  
 সেই নারী প্রণমিল শ্রীপদ-পল্লবে।।  
 প্রভু কন ‘আমি তাহা লক্ষ্য করি নাই।  
 ডেকে আন তাহাকে এখন দেখে যাই।।  
 আঞ্জা মতে স্বরূপ আনিল ততক্ষণে।  
 লোটায় পড়িল নারী প্রভুর চরণে।।  
 প্রভু বলে ‘রে স্বরূপ! পূর্ব বাক্য রাখ।  
 সবার সম্মুখে একে ‘মা’ বলিয়া ডাক।।’  
 রায় কহে যবে দয়া হ’ল মম ভাগ্যে।  
 শ্রীধামে বসিয়া দাসে যবে দিলে আঞ্জাে।।  
 সেই হ’তে ঘুটিয়াছে শমনের শঙ্কা।  
 কামজয়ী হইয়াছি মেরে জয় ডঙ্কা।।  
 এখন নাহিক ভয় মা বলে ডাকিতে।  
 সেই হতে এই ভাব আমার মনেতে।।  
 মা বলে যবে ডাকিতে দিলেন হুকুম।  
 সে হতে এ দেহে নাই কামের জুলুম।।  
 সেই হতে আমাকে ছাড়িয়া গেছে কাম।  
 নিবির্বয়ে বসিয়া জপ করি হরিনাম।।  
 প্রভু বলে ‘আমি তাহা জেনেছি অন্তরে।  
 দণ্ডবৎ কর সবে আমি যাব ঘরে।।  
 এ মেয়ের শ্বেতারোগ আমি জানি তাই।  
 এক সঙ্গে থাক বটে তুমি দেখ নাই।।  
 স্বচক্ষে দেখিলে রোগ প্রত্যয় জন্মিবে।  
 তোর ভক্তি জোরে রোগ এবে সেরে যাবে।।  
 স্বরূপ বলেন ‘আমি কিছুই না জানি।  
 শ্রীমুখের বাক্য সত্য এইমাত্র মানি।।’  
 প্রভু কহে ‘আর কেহ জানিতে নারিল।  
 অনেকের মনে এই সন্দেহ রহিল।।  
 মনের বিকার নাই তোমা দু’জনার।  
 আমি তাহা ভাল মতে জেনেছি এবার।।